



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/3/2022

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল স্টেটব্যাপী নির্বাচিত কর্মকর্তাদের জন্য মেয়াদের সীমা ও বাইরের উপার্জন নিষিদ্ধ করার পরিকল্পনা ঘোষণা করলেন

প্রথম স্টেট অফ দ্য স্টেট প্রস্তাবনায় সাহসী নীতিসংক্রান্ত সংশোধন, উদ্দেশ্য সরকারে বিশ্বাস, সততা, এবং জবাবদিহিতা ফেরত আনা

গভর্নর ক্যাথি হোকল আজকে 2022 স্টেট অফ দ্য স্টেটের (State of the State) প্রথম প্রস্তাবনা হিসেবে গভর্নর, লেফটেন্যান্ট গভর্নর, অ্যাটর্নি জেনারেল এবং কম্পট্রলারের জন্য মেয়াদের সীমা স্থাপন করার পরিকল্পনা ঘোষণা করলেন। এছাড়াও গভর্নর স্টেটব্যাপী নির্বাচিত কর্মকর্তাদের জন্য বাইরের উপার্জন নিষিদ্ধ করা প্রস্তাব দিলেন। এই সাহসী সংশোধনগুলির উদ্দেশ্য স্টেট সরকারের জবাবদিহিতা বৃদ্ধি করা এবং এর সততার প্রতি বিশ্বাস ফিরিয়ে আনা।

"গভর্নর হিসেবে প্রথম দিনই আমি সরকারে বিশ্বাস ফিরিয়ে আনার প্রতিশ্রুতি নিয়েছি এবং আমি প্রতিদিন উন্মুক্ত, নীতিবান শাসন করার পদক্ষেপ নিয়েছি যা নিউ ইয়র্কবাসীর প্রাপ্য," **গভর্নর হোকল বলেন।** "আমি চাই মানুষ আবার তাদের সরকারকে বিশ্বাস করুক। এই সাহসী সংশোধনগুলির মাধ্যমে, আমরা নিশ্চিত করবো যে নিউ ইয়র্কবাসী যাতে জানে যে তাদের নেতৃবৃন্দ তাদের জন্য কাজ করে এবং তারা এই স্টেটের মানুষকে সেবাদানে মনযোগী।"

গভর্নর স্টেটব্যাপী নির্বাচিত কর্মকর্তাদের মেয়াদ দুইটি পরপর মেয়াদে সীমাবদ্ধ করার একটি সাংবিধানিক সংশোধন উপস্থাপন করবেন। গভর্নর হোকল এছাড়াও স্টেটব্যাপী একই নির্বাচিত কর্মকর্তাদের জন্য বাইরের উপার্জন নিষিদ্ধ করার একটি বিধিমালা প্রস্তাব করবেন, ব্যতিক্রম হবে একাডেমিক পদ যেগুলি অবশ্যই নীতি বোর্ডের অনুমোদন লাভ করতে হবে।

অফিসে তার প্রথম দিন থেকেই গভর্নর হোকল সরকারে জনতার বিশ্বাস ফিরিয়ে আনতে পদক্ষেপ নিয়েছেন।

- **নীতিশাস্ত্র প্রশিক্ষণ:** গভর্নর হোকল একটি নির্বাহী আদেশে (Executive Order) [স্বাক্ষর করেছেন](#) যা স্টেটের সকল কর্মচারীর জন্য নিয়োগের পরপর এবং এরপর নিয়মিত একটি নীতিশাস্ত্র প্রশিক্ষণ কোর্স করা বাধ্যতামূলক করে।
- **FOIL সংশোধন:** গভর্নর হোকল সাংবাদিক এবং জনগণের সদস্যদের সাথে স্বচ্ছতা বৃদ্ধির জন্য তথ্য লাভের স্বাধীনতা আইন (Freedom of Information Laws, FOIL) প্রক্রিয়ায় সংশোধন [সাধন করেছেন](#)। এছাড়াও গভর্নর স্টেট এজেন্সিগুলির জন্য

সাধারণভাবে অনুরোধকৃত উপাত্ত সনাক্ত করা ও সক্রিয়ভাবে প্রকাশ করা বাধ্যতামূলক করেছেন, যা FOIL-র প্রয়োজনীয়তা হ্রাস করে।

- **রিকিউজাল এগ্রিমেন্ট:** গভর্নর এবং তার প্রশাসনের সিনিয়র সদস্যগণ তারা যে রিকিউজাল এগ্রিমেন্টসমূহ মেনে চলে তা সম্পূর্ণ [প্রকাশ](#) করেছে।
- **স্বচ্ছতা পরিকল্পনা:** গভর্নর হোকল 70টির বেশি নির্বাহী এজেন্সি এবং সরকারি কর্তৃপক্ষকে সকলের জন্য উন্মুক্ত স্বচ্ছতা পরিকল্পনা প্রকাশের নির্দেশ দিয়েছেন, যা সকলের জন্য [অনলাইনে প্রকাশ](#) করা হবে।
- **হয়রানি ও বৈষম্যের বিরুদ্ধে লড়াই:** নির্বাহী চেম্বারের (Executive Chamber) হয়রানি ও বৈষম্যের অভিযোগের প্রতিক্রিয়া উন্নত করতে, গভর্নর হোকল সকল অভিযোগ ন্যায্য ও নিরপেক্ষভাবে তদন্ত করার জন্য একটি স্বাধীন বহির্ভূত আইন ফার্মকে [নিযুক্ত করেছেন](#) এবং একটি নতুন হিউম্যান রিসোর্সেস বিভাগ (Human Resources department) গঠন করেছেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবক্লাইব করুন](#)